দৈনিক সংবাদ

তারিখ ... FEB 1 0 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ... ৫ ...

86

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

"পাঠ্যপুস্তক ভবন"

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

নং ঃ ১৭৫-বিত-২০/৯৮ তারিখ ঃ ৮/০২/৯৯ইং

# বিশেষ সতর্কীকরণ বিজ্ঞপ্তি

৬ষ্ঠ হইতে ৯ম-১০ম শ্রেণীর সকল ছাত্রছাত্রী, শিক্ষক, অভিভাবক, পাঠ্যপুস্তক পরিবেশক, বিক্রেতা ও সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, ইদানীং ১৯৯৬ সালে মুদ্রিত ভুল ইতিহাস ও তথ্য সম্বলিত পুরাতন পাঠ্যপুস্তক এবং কর্ণফুলী মিলের লালচে রংয়ের নিরাপত্তা কাগজ ও পুস্তানী কাগজবিহীন অথবা নকল নিরাপত্তা কাগজ সম্বলিত অবৈধ পাঠ্যপুস্তক বাজারে ক্রয়-বিক্রয় হইতেছে যাহা আইনত দণ্ডনীয় অপরাধ।

এই সমস্ত অবৈধ বই ক্রয়-বিক্রয় হইতে বিরত থাকিবার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে সতর্ক করা যাইতেছে। একইসাথে ঐ সমস্ত অবৈধ বই ক্রয়-বিক্রয়ের সাথে জড়িত ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পর্কে নিকটস্থ থানায় জানাইবার জন্য বোর্ডের সাথে সংশ্লিষ্ট মুদ্রাকর, বাঁধাইকারক ও পরিবেশকসহ সকল স্তরের জনগণকে বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

**বোর্ড প্রকাশিত বৈধ বই চিহ্নিত করিবার উপায় ঃ**

(ক) প্রতি বইয়ের প্রথম চার পৃষ্ঠা ও ভিতরের আট পৃষ্ঠা বিশেষ নিরাপত্তামূলক কর্ণফুলী মিলের লালচে রংয়ের রঙিন কাগজে মুদ্রিত।

(খ) বৈধ সকল পাঠ্যপুস্তকের পিছনের কভারে বোর্ডের মনোগ্রাম, ক্রমিক নম্বর ও "১৯৯৮ শিক্ষাবর্ষে সংশোধিত ও পরিমার্জিত" কথাটি মুদ্রিত আছে।

সচিব
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ঢাকা।

সি-৮৮১